দৈনিক ইনকিলাব

তারিখ 16 SEP 1988
পৃষ্ঠা ... কলাম 6

053

# আসুন আমরা শিক্ষা ব্যবস্থাকে ঢেলে সাজাই শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত করি

## —শিক্ষামন্ত্রী

॥ ইনকিলাব রিপোর্ট ॥

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ বলেছেন, সরকার শিক্ষা ক্ষেত্রে সুস্থ পরিবেশ ফিরিয়ে আনতে

শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন

## শিক্ষামন্ত্রী

প্রথম পৃষ্ঠার পর

বদ্ধপরিকর। শিক্ষামন্ত্রী এ কাজে যথাযথভাবে দায়িত্ব পালনের জন্য শিক্ষক সমাজের প্রতি আহবান জানান। গত বৃহস্পতিবার মহাখালীস্থ মসজিদে গাউসুল আজম কমপ্লেক্সে জমিয়াতুল মোদারেছীন আয়োজিত দেশের সকল মাদ্রাসার প্রিন্সিপাল ও সুপারদের এক সম্মেলনে প্রধান অতিথির ভাষণদানকালে তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ধর্মমন্ত্রী ও জমিয়ত প্রধান আলহাজ মাওলানা আবদুল মান্নান।

শিক্ষামন্ত্রী বলেন, গত ৬ বছরে শিক্ষাক্ষেত্রে সর্বোচ্চ পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছে। কিন্তু শিক্ষা ক্ষেত্রের পরিবেশ উন্নত হয়নি। এ কাজে সরকারী পদক্ষেপকে বাস্তবায়িত করে তোলার জন্য তিনি শিক্ষক সমাজের প্রতি আহবান জানিয়ে বলেন, আসুন আমরা শিক্ষা ব্যবস্থাকে ঢেলে সাজাই।

[illegible]স্টার আনিসুল ইসলাম মাহমুদ বলে[illegible] কিভাবে সরকারের সার্বজনীন শিক্ষা [illegible]স্থাকে সফল করে তোলা যায় এ ব্যাপা[illegible] [illegible]তুন করে ভাবতে হবে। এ প্রসঙ্গে [illegible] বলেন, কেবলমাত্র স্কুল-কলেজের শিক্ষা নয় এবতেদায়ী মাদ্রাসাসহ সর্ব[illegible] মাদ্রাসা শিক্ষাকে এগিয়ে নিয়ে সার্বজ[illegible] শিক্ষা কর্মসূচীকে বাস্তবায়িত করতে হবে। মন্ত্রী বলেন, পরীক্ষায় [illegible] প্রবণতা বন্ধের জন্য পদক্ষেপ নেয়া হচ্ছে। প্রাথমিক শিক্ষক নিয়োগ প[illegible]ও পুনঃবিবেচনা করা হবে বলে মন্ত্রী উল্লে[illegible] করেন। তবে তিনি বলেন, যে কোন বিষয়ে শিক্ষকদের সাথে পরামর্শ করেই তা করা হবে।